

আন্তর্জাতিক

সুদানে স্বর্ণের খনি ধসে নিহত বেড়ে ৮২, আটকা পড়েছেন অনেকেই



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ১৯ সেপ্টেম্বর ২০২৬, ০৫:১১ PM



সুদানে একটি স্বর্ণের খনি ধসে অন্তত ৮২ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও ৫০ জন। খনিতে আরও অনেকে আটকা পড়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে।

দেশটির পশ্চিম কর্দোফান অঞ্চলের আল জারা এলাকায় মঙ্গলবার খনিটির কয়েকটি সুড়ঙ্গ ধসে পড়ে। এতে সেখানে কাজ করা ক্ষুদ্র পরিসরের অনেক খনি শ্রমিক আটকা পড়েন। বুধবার সকাল পর্যন্ত ৮২ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে।

আটকে পড়াদের সংখ্যা এখনো নিশ্চিত হওয়া যায়নি। উদ্ধারকাজে সাধারণ সরঞ্জাম ব্যবহার করা হচ্ছে। ভারী যন্ত্রপাতি না থাকায় উদ্ধারকাজ কঠিন হয়ে পড়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

আল জারায় কর্মরত এক শ্রমিক খায়ের আল-সাইদ জাবারা বলেন, আটকে পড়াদের উদ্ধারে ভারী সরঞ্জাম প্রয়োজন। পর্যাপ্ত সরঞ্জাম না থাকায় উদ্ধারকাজ ধীরগতিতে চলছে।

আল-আমিন সুলেইমান নামের স্থানীয় এক ব্যক্তি জানান, খনির সুড়ঙ্গগুলো পরস্পরের কাছাকাছি হওয়ায় একটি সুড়ঙ্গ ধসে পড়লে অন্যগুলোও ধসে যেতে পারে। ৮২ জনের মরদেহ উদ্ধার করা হলেও আরও অনেকে ভেতরে আটকা রয়েছেন। তাদের জীবিত থাকার সম্ভাবনা কম বলে আশঙ্কা করা হচ্ছে।

সুদানে স্বর্ণ উত্তোলনের বড় অংশই ক্ষুদ্র ও কারিগরি খনির মাধ্যমে হয়। দেশটিতে অনেক পুরোনো ও বন্ধ খনিতেও শ্রমিকরা কাজ করেন। এর বাইরে অনুমোদনহীন অনেক খনিতেও নিরাপত্তা ব্যবস্থা ছাড়াই শ্রমিকেরা কাজ করেন।

খনিতে কাজ করা শ্রমিকদের অনেকেই হাতে ও সাধারণ সরঞ্জাম দিয়ে স্বর্ণ উত্তোলন করেন। এতে খনি ধসের পাশাপাশি বিষাক্ত রাসায়নিকের সংস্পর্শে আসার ঝুঁকিও থাকে।

২০২৩ সালের এপ্রিল থেকে সুদানের সেনাবাহিনী ও আধাসামরিক বাহিনী আরএসএফের মধ্যে যুদ্ধ চলছে। দেশটির স্বর্ণের বাণিজ্য এই সংঘাতের অর্থায়নের অন্যতম উৎস বলে বিভিন্ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

যুদ্ধের আগে সুদানে ক্ষুদ্র ও কারিগরি খনিতে ২০ লাখের বেশি মানুষ কাজ করতেন বলে জানা যায়। দেশটি আফ্রিকার অন্যতম বড় স্বর্ণ উৎপাদনকারী। সরকারি হিসাবে, গত বছর সুদানে ৭০ টন স্বর্ণ উৎপাদিত হয়েছে, যা পাঁচ বছরের মধ্যে সর্বোচ্চ।

তবে দেশটির স্বর্ণের বড় একটি অংশ পাচার হয়ে যায় বলে অভিযোগ রয়েছে। গত জুলাইয়ে ইউরোপীয় ইউনিয়ন ও যুক্তরাজ্য সুদানের স্বর্ণ বাণিজ্যকে লক্ষ্য করে নিষেধাজ্ঞা আরোপ করে।

সুদানের খনি এলাকায় দুর্ঘটনা নতুন নয়। বিশেষ করে কর্দোফানসহ দেশটির স্বর্ণসমৃদ্ধ এলাকায় অনিবার্জিত ও ঝুঁকিপূর্ণ খনিতে প্রায়ই দুর্ঘটনা ঘটে।

এ বিভাগের আরও খবর



চিকিৎসাবিজ্ঞানে নোবেল পেলেন ডাইসেরোথ, হেগেমান ও নাগেল
২০২৬ সালের নোবেল পুরস্কার ঘোষণা শুরু হয়েছে। প্রথম দিনেই চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কারজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে। আলো ব্যবহার করে জীবন্ত কোষ...



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/sudane-sbrner-khni-dhse-niht-bere-82-atka-prechhen-onekei>